দৈনিক
ইত্তেফাক

তারিখ 14 MAR 2015
পৃষ্ঠা ৭ কলাম ৪

# ক্লাসে শিক্ষার্থীর ওপর হামলা শিক্ষিকা লাঞ্ছিত

■ গলাচিপা (পটুয়াখালী) সংবাদদাতা

গলাচিপা পৌর এলাকার রতনদী পল্লী উন্নয়ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পাঠদান চলাকালীন সময় তৃতীয় শ্রেণির এক মেধাবী ছাত্রকে পিটিয়ে জখম এবং তিন শিক্ষিকাকে লাঞ্ছিত করেছে আবু (৩০) নামে এক বখাটে।

অভিযোগের বিবরণে জানা যায়, রতনদী পল্লী উন্নয়ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মেধাবী ছাত্র নাইমুর রহমান বৃহস্পতিবার দুপুর ১২টায় শ্রেনিকক্ষে গণিত ক্লাস করছিল। হঠাৎ শ্রেণিকক্ষে প্রবেশ করে বখাটে আবু নাইমুরকে ধরে কিল, ঘুষি ও চর থাপ্পড় মারে এবং কান ধরে ওঠবস করায়। এ ঘটনা দেখে উপস্থিত শিক্ষিকা স্মিত জেরিন, রিমিথা রেখসনা ও ডলি কর্মকার বাধা দিলে তাদের ধাক্কা মেরে অশালীন ভাষায় গালাগাল করে। এ সময় ভীতিকর পরিস্থিতিতে উপস্থিত ছাত্র-ছাত্রীরা চিৎকার করে ছোটাছুটি করতে থাকে। এ ঘটনায় ছাত্রের বাবা জাকির হোসেন আবুর বিরুদ্ধে গলাচিপা থানায় অভিযোগ দায়ের করে।